

প্রভু কন 'এইগুলি পরিপক্ব কম।  
এই আনারসে সেবা না হ'বে উত্তম।'  
বংশীর রমণী কহে হ'য়ে করপুট।  
'এই আনারসে তবে হোক হরিলুট।'  
যেই মাত্র বংশীর রমণী করে ব্যক্ত।  
কাড়াকাড়ি করিয়া খাইল সব ভক্ত।।  
প্রভু বলে "এই লুঠে আমি তৃপ্ত নই।  
আমার লুঠের যেটা সেটা দিলি কই।"  
ইহা বলি মহাপ্রভু বলে--"আন আন।  
আনা আছে দিস নাই, না-দেওয়াটা আন।"  
এতবলি অন্তর্যামী উঠিল সত্বর।  
লক্ষ দিয়া উঠিলেন ডোলের উপর।।  
আনারস হাতে করি দিল পুনঃ লক্ষ।  
ভূমিতে পড়িলে যেন হ'ল ভূমিকম্প।।  
বংশীকে বলেন প্রভু "শোন বংশী বলি।  
নিজে খাবি বলে বুঝি ভালটা রাখিলি?"  
এত বলি প্রভু সেই আনারস ধরে।  
চিবায়ে ফলের রস সুখে পান করে।।  
চুষিয়া চুষিয়া খায় উর্দ্ধ-মুখ করি।  
প্রেমানন্দে ভক্ত সবে বলে হরি হরি।।  
বংশীর নয়নজল অবিরল ঝরে।  
ভাবে মগ্ন প্রাণ তার বাক্য নাই সরে।।  
রামচাঁদ বলে 'প্রভু নিবেদি চরণে।  
কল্যাণে নিতে হ'বে আমার ভবনে।।  
হরিষে বলেন প্রভু "হৈল নিমন্ত্রণ।"  
প্রাতেঃ উঠি চলিলেন ল'য়ে ভক্তগণ।।  
দুই তিন বাটী প্রভু ভোজন করিল।  
এহেন সময় বেলা প্রহরেক হ'ল।।  
শ্রীরামলোচন ভক্ত কহে করপুটে।  
'স্বজাতি ভোজন আজি মোর বাড়ী বটে।।  
দয়া করি যেতে প্রভু হবে মমালয়।'  
প্রভু দিল মত কবি রসরাজ কয়।।

## ভক্ত রামলোচনের বাটী মহোৎসব ও চৈতন্যবালার দর্প চূর্ণ

রামলোচনের বাটী স্বজাতি ভোজন।  
গ্রামবাসী সবে আসি করে আয়োজন।।  
রামাগণে আসি সবে পাক করিবারে।  
চৈতন্য প্রধান-জ্ঞানী গ্রামের ভিতরে।।  
সকলে রাখিল ভার তাহার উপর।  
যাহাতে হইবে এই কার্যের সুসার।।  
রামচাঁদ আর রামলোচন বিশ্বাস।  
শ্রীনবদীপেতে যেন রামাই শ্রীবাস।।  
ভাই ভাই ঠিক যেন তেমতি মিলন।  
সেইদিন সেই বাটী প্রভু আগমন।।  
মহাসমারোহ হ'বে স্বজাতি ভোজন।  
পাকশালে পাক করে যত রামাগণ।।  
এমন সময় প্রভু ভক্তগণ সঙ্গে।  
রামলোচনের বাটী উত্তরিল সঙ্গে।।  
শ্রীরামলোচন হয় কার্যকরণালা।  
কার্যদক্ষ কর্তৃপক্ষ শ্রীচৈতন্য বালা।।  
হুকুম ক'রেছে কার্য করিবার তরে।  
যাকে যাহা ব'লেছেন সেই তাহা করে।।  
প্রাণপণে খাটিতেছে নাহিক বিরাম।  
বাটীর ভিতর হইতেছে ধুমধাম।।  
কোন নারী কক্ষে কুস্ত আনিতেছে বারি।  
কেহ ঝাল বাটে কেহ কাটে তরকারী।।  
কেহ ভারে ভারে ধৌত করিছে তগুল।  
কেহ দেয় কেহ লয় ধু'তেছে ডাউল।।  
ঠাকুর আসিল জয় হরিবোল বলে।  
ভক্তগণ সংকীর্্তন করে কুতূহলে।।  
বাটীতে কাজের লোক যেখানে যে ছিল।  
চতুর্দিকে হরি হরি বলিতে লাগিল।।